ডেকেছেন প্রিয়তম, কে রহিবে ঘরে ।
ডাকিতে এসেছি তাই, চলো ত্বরা ক'রে ॥
তাপিতহৃদয় যারা   মুছিবি নয়নধারা,
ঘুচিবে বিরহতাপ কত দিন পরে ॥
আজি এ আকাশমাঝে   কী অমৃতবীণা বাজে,
পুলকে জগত আজি কী মধু শোভায় সাজে !
আজি এ মধুর ভবে  মধুর মিলন হবে–
তাঁহার সে প্রেমমুখ জেগেছে অন্তরে ॥

---

Parjaay: Puja O Prarthana, Taal: Jhaptaal, Raag: Sahana
Visit www.geetabitan.com for notation and other detail